

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭২৮

জম্পুইজলা, ১৮ নভেম্বর, ২০২৩

সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসব

জম্পুইজলার বুখুরুই কমিউনিটি হলে গতকাল সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন জম্পুইজলা বিএসি'র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা। কলা উৎসবে ৯টি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সিপাহীজলা জেলার ১৮টি বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পাঠরত ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় যারা প্রথম স্থান অধিকার করেছে তারা রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। গতকাল অনুষ্ঠিত কলা উৎসবে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জম্পুইজলা ব্লকের বিডিও কমল দেববর্মা, সিপাহীজলা জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, সিপাহীজলা জেলা শিক্ষা কার্যালয়ের ওএসডি এন্টনি দেববর্মা ও রাকেশ দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*